গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১

নং-১০.০০.০০০০.১২৫.১৮/১.০০২.১৫-৩৪৯ তারিখ-১৯/০৫/২০১৫খ্রিঃ।

বিষয়ঃ- জাতীয় সংসদ নির্বাচনে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রসঙ্গে।

সূত্রঃ- নিবার্চন কমিশন সচিবালয়ের ২৭এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৪৫.১১.০৩৬.১৩-২৮ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ১০ম জাতীয় সংসদের নির্বাচনি এলাকা ৯১ মাগুরা-১ আসনটি ০৯ মার্চ ২০১৫ তারিখে শুন্য ঘোষিত হওয়ার পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন, Representation of the People Order,1972 (P.O.No.155 of 1972) এর Article 11(1) এ প্রদত্ত ক্ষমতাবলে উক্ত নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচনের লক্ষ্যে ২০ এপ্রিল ২০১৫ তারিখে নির্বাচনের তফসিল ঘোষনা করেছে। উক্ত তফসিল অনুযায়ী আগামী ৩০ মে ২০১৫ তারিখ শনিবার উল্লিখিত আসনে ভোট গ্রহণের দিন ধার্য করা হয়েছে

০২। উক্ত নির্বাচন উপলক্ষে Representation of the People Order,1972 (P.O.No.155 of 1972) এর Article 89A-তে উল্লেখিত Article 73(2B), Article74(2A),(3),(4),(5),(6), Article78, Article79, Article80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure,1898(Act No.V of 1898) এর sub-section (1) of section 190 এর অধীন আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত উক্ত নির্বাচনি এলাকার জন্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করা প্রয়োজন মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে।

০৩। দফ -২ এ উল্লিখিত অনুচ্ছেদসমুহের অপরাধ আমলে নেয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত উক্ত নির্বাচনি এলাকার জন্য ০২(দুই) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়ে নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত ম্যাজিস্ট্রেটদ্বয়-কে নির্বাচনি এলাকার ভোটগ্রহণের পূর্বের দুই দিন, ভোট গ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ২৮ মে, ২০১৫ হতে ৩১ মে ২০১৫ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের জন্য নিয়োগের নিমিত্ত নির্বাচন কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেছেন।

০৪। নির্বাচন কমিশন সচিবালয়ের অনুরোধের প্রেক্ষিতে দফা-২ এ উল্লেখিত অপরাধসমূহ আমলে নেওয়া ও সংক্ষিপ্ত বিচার সম্পন্নের এবং দফা-৩ এ বর্ণিত সময়ের জন্য উক্ত নির্বাচনী এলাকার জন্য নিম্নেবর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তা-কে মনোনয়ন প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | বর্তমান পদবী ও কর্মস্থল |
|---|---|---|
| ১ | জনাব মোঃ ইমতিয়াজুল ইসলাম | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মাগুরা। |
| ২ | জনাব মোঃ মিল্টন হোসেন | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর। |

mali ১৯-৫-২০১৫

(এস, মোহাম্মদ আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১(অঃ)।

কার্যার্থেঃ-

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।
{দৃঃ আঃ বেগম অন্তরা ঘোষ, সিনিয়র সহকারী সচিব (আইন-২)}।

জ্ঞাতার্থেঃ-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। রেজিষ্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশেকর অনুরোধসহ)
৮। জনাব.......................................................................................।